

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০০.০০০০.০৩০.৪০.১৪১.২০১৬-৯৩

তারিখ: ১৮/০৪/২০১৬ খ্রিঃ

বিষয় : আগামী ২০১৬-১৭ অর্থ বছরে বেসরকারী পর্যায়ে সার আমদানি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২০১৬-১৭ অর্থ বছরে বেসরকারী পর্যায়ের মাধ্যমে প্রায় ২.৫০ লক্ষ মে. টন টিএসপি, প্রায় ৩.৫০ লক্ষ মে. টন ডিএপি এবং প্রায় ২.৯০ লক্ষ মে. টন এমওপি সার সংগ্রহ করা হবে। সারের সংগ্রহ পরিকল্পনা প্রণীত হওয়ায় বিগত ২৯/০১/২০১৫ খ্রিঃ তারিখ নং-১২.০০.০০০০.০৩০.০৪০.১১৫.১৫-৫৮ স্মারকে জারীকৃত "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপত্রের আলোকে এবং নিম্ন-বর্ণিত নির্দেশনা অনুসরণ সাপেক্ষে ভর্তুকির আওতায় বেসরকারী পর্যায়ের জন্য নির্ধারিত কোটার সার সংগ্রহের জন্য সার আমদানিকারকগণের (নিজস্ব প্যাডে) নিকট হতে প্রস্তাব আহ্বান করা যাচ্ছে :

ক। বেসরকারী পর্যায়ে সার আমদানির লক্ষ্যে আগামী ০৩ মে ২০১৬ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ২:০০ ঘটিকার মধ্যে সীলগালাকৃত খামে প্রস্তাব দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপর সারের নাম উল্লেখ করতে হবে। সীলগালাকৃত খামে প্রস্তাবসমূহ কৃষি মন্ত্রণালয়ের ৫০৮ নম্বর কক্ষের সামনে রক্ষিত বাস্ক অথবা সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা), বিএডিসি'এর দপ্তরে রক্ষিত বাস্কে জমা দিতে হবে।

খ। সারের চাহিদা পূরণকল্পে কোন পর্যায়ে/শেষদিকে কোন নির্দিষ্ট পরিমাণ সারের জন্য একাধিক প্রস্তাবকের দর একই হলে লটারির মাধ্যমে এক বা একাধিক প্রস্তাব মনোনীত করা হবে। চূড়ান্ত মনোনয়ন জারীর ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে ঋনপত্র স্থাপনপূর্বক জামানতের অবশিষ্ট অর্থসহ কৃষি মন্ত্রণালয়ে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে ঋনপত্র স্থাপনে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ মনোনয়ন বাতিল করা হবে।


গ। সার জাহাজীকরণের সর্বশেষ সময়সীমা ১৫ অক্টোবর ২০১৬; তবে যৌক্তিক কারণে জাহাজীকরণের সময়সীমা ৩০ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। জাহাজীকরণের সময়সীমা বৃদ্ধির ক্ষেত্রে প্রতিদিন ২৫ টাকা/টন হিসাবে সরকারী কোষাগারে জরিমানা প্রদান করতে হবে। জাহাজীকরণের সময়সীমা বৃদ্ধির ক্ষেত্রে অবশ্যই মন্ত্রণালয়ের অনুমতি লাগবে। ৩০/১০/২০১৬ তারিখের মধ্যে কোন আমদানিকারক জাহাজীকরণে ব্যর্থ হলে জামানতের অর্থসহ তার প্রস্তাব বাতিল বলে গণ্য হবে।

ঘ। আমদানিকারকগণকে প্রস্তাবের সাথে সারের উৎপাদক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে **Manufacturer Certificate** জমা দিতে হবে। **Manufacturer Certificate**-এ সারের বিনির্দেশসহ সংশ্লিষ্ট আমদানিকারককে নির্দিষ্ট পরিমাণ সার নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহে সম্মত মর্মে উল্লেখ থাকতে হবে। বিগত ২৯/০১/২০১৫ তারিখ নং-১২.০০.০০০০.০৩০.০৪০.১১৫.১৫-৫৮ স্মারকে জারীকৃত "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ পদ্ধতি" সংক্রান্ত পরিপত্র মোতাবেক প্রস্তাব দাখিলে ব্যর্থ হলে বা কোন অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ প্রস্তাব দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে। বেসরকারী পর্যায়ে সার আমদানি অর্থায়নের সুদহার হবে ১২.০০ %।

ঙ। বেসরকারী পর্যায়ে ভর্তুকির আওতায় আমদানিকৃত সার কমপক্ষে চারটি মোকামে (চট্টগ্রাম, নারায়নগঞ্জ, নগরবাড়ী ও নোয়াপাড়া) সংরক্ষণ করতে হবে। উক্ত মোকামসমূহের মধ্যে চট্টগ্রামে ১০%; নারায়নগঞ্জে ৩০%, নগরবাড়ীতে ৩০% এবং নোয়াপাড়ায় ৩০% সার সংরক্ষণ করতে হবে।

চ। সরকারের নিকট অতীতের ব্যাংকসুদসহ ভর্তুকিবাদ কোন ধরণের পাওনা নেই মর্মে আমদানিকারকগণকে প্রস্তাবের সাথে ৩০০ (তিনশত) টাকার স্ট্যাম্প অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনাসহ "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপত্রের শর্তাদি প্রতিপালন করে সার আমদানি প্রস্তাব দাখিলের বিষয়ে সার আমদানিকারকগণকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(শেখ বদিউল আলম)

উপ-প্রধান

ফোন: ৯৫৪০৬০৬

ই-মেইল : [alam.badiul@gmail.com](mailto:alam.badiul@gmail.com)

চেয়ারম্যান

বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন

আলরাজি কমপ্লেক্স, ১৬৬-১৬৭ পুরানা পল্টন, ঢাকা।

অনুলিপি :

- ঃ সদস্য-পরিচালক, সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, দিলকুশা বা/এ, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ঃ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ঃ প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)